


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
অধিশাখা-১২  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.most.gov.bd

**২০২০-২০২১ অর্থবছরে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপের বিল দাখিল বিষয়ে নির্দেশনা**

- ১। তিন কপি বিল ফরম খামবদ্ধ করে দাখিল করতে হবে। খামের উপরের দিকে বড় অক্ষরে ফেলোর নিজ গ্রুপের নাম, কোর্সের নাম, মেরিট নম্বর (এমএস এর ক্ষেত্রে) ও রেজিস্ট্রেশন নম্বর লিখতে হবে।
- ২। উপসচিব, অধিশাখা-১২, কক্ষ নং-৯১৯, ভবন নং-৬, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা- এ ঠিকানায় বিল দাখিল করতে হবে।
- ৩। এমএস পর্যায়ের ছাত্র-ছাত্রীগণ আগামী ১৮/০১/২০২১ খ্রি: তারিখের মধ্যে এবং এমফিল/পিএইচডি পর্যায়ের গবেষকগণ আগামী ২০/০১/২০২১ খ্রি: তারিখের মধ্যে বিল দাখিল করবেন।
- ৪। বিল ফরমের ঘরগুলো যথাযথভাবে সতর্কতার সাথে পূরণ করবেন। বিলে আবশ্যিকভাবে গবেষণা তত্ত্বাবধায়ক ও বিভাগীয় প্রধানের স্বাক্ষর এবং সীলমোহর সংযুক্ত করবেন। বিল ফরমের একটি কপিতে ১০ টাকা মূল্যের রেভিনিউ স্ট্যাম্প আঠা দিয়ে সংযুক্ত করবেন।
- ৫। এমফিল ও পিএইচডি ফেলোগণ তাদের উপরোক্ত কাগজপত্র ছাড়াও বিভাগীয় প্রধানের প্রশংসা পত্র বিলের প্রত্যেক কপিতে সংযুক্ত করবেন। উক্ত প্রশংসাপত্রে ‘গবেষণা কর্মে নিয়োজিত রয়েছেন এবং তাঁর গবেষণা কর্মের অগ্রগতি সন্তোষজনক’ শব্দগুলো আবশ্যিকভাবে লিখিত থাকতে হবে।
- ৬। যুক্তিসংগত কারণ (যেমন-সুপারভাইজার বিদেশে) থাকলে সুপারভাইজারের স্থানে কো-সুপারভাইজার/ভারপ্রাপ্ত সুপারভাইজার স্বাক্ষর করতে পারবেন।
- ৭। বিল ডাকযোগে/কুরিয়ারে/সরাসরি মন্ত্রণালয়ে পাঠানো যাবে।
- ৮। প্রকাশিত তালিকায় বিশ্ববিদ্যালয়/বিভাগের নামে কোন টাইপিং মিস্টেক (Typing mistake) থাকলে সেক্ষেত্রে বিষয়টি বিভাগীয় প্রধানের অফিসিয়াল প্যাডে পরিষ্কারভাবে লিখে আলাদা একটি প্রত্যয়নপত্র বিলের সাথে সংযুক্ত করতে হবে। খামের উপর লালকালিতে “সংশোধনী” শব্দ লিখতে হবে।

  
খান মোঃ রেজা-উন-নবী  
উপসচিব  
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার